

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ২৩৫২

৩৪/ पूनिय़ावी ভোগविनास्त्रत প্রতি অনাসক্তি (اكتاب الزهد عن رسول الله

পরিচ্ছেদঃ ৩৭. ধনীদের পূর্বে দরিদ্র মুহাজিরগণ জান্নাতে প্রবেশ করবেন

باب مَا جَاءَ أَنَّ فُقَرَاءَ الْمُهَاجِرِينَ يَدْخُلُونَ الْجَنَّةَ قَبْلَ أَغْنِيَائِهِمْ

আরবী

حَدَّثَنَا عَبْدُ الأَعْلَى بْنُ وَاصِلِ الْكُوفِيُّ، حَدَّثَنَا ثَابِتُ بْنُ مُحَمَّدِ الْعَابِدُ الْكُوفِيُّ، حَدَّثَنَا اللَّهُ الْحَارِثُ بْنُ النُّعْمَانِ اللَّيْثِيُّ، عَنْ أَنَسٍ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " اللَّهُ الْحَارِثُ بْنُ النُّعْمَانِ اللَّيْقِيُّ، عَنْ أَنَسٍ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " اللَّهُ أَحْيِنِي مِسْكِينًا وَأَمِتْنِي مِسْكِينًا وَاحْشُرْنِي فِي زُمْرَةِ الْمَسَاكِينِ يَوْمَ الْقِيَامَةِ " . فَقَالَتْ عَائِشَةُ لِمَ يَا رَسُولَ اللَّهِ قَالَ " إِنَّهُمْ يَدْخُلُونَ الْجَنَّةَ قَبْلَ أَغْنِيَائِهِمْ بِأَرْبَعِينَ خَرِيفًا يَا عَائِشَةُ لَا تَرُدِي الْمَسْكِينَ وَلَوْ بِشِقِّ تَمْرَةٍ يَا عَائِشَةُ أَحِبِّي الْمَسَاكِينَ وَقَرِّبِيهِمْ فَإِنَّ اللَّهَ يُقَرِّبُكِ يَوْمَ الْقِيَامَةِ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثُ غَرِيبٌ .

বাংলা

২৩৫২। আনাস (রাঃ) হতে বর্ণিত আছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (দু'আ করে) বলেনঃ হে আল্লাহ! তুমি আমাকে দরিদ্র অবস্থায় বাঁচিয়ে রাখ, দরিদ্র থাকাবস্থায় মৃত্যু দিও এবং কিয়ামত দিবসে দরিদ্রদের দলভুক্ত করে হাশর করো। (একথা শুনে) আইশা (রাঃ) বলেন, হে আল্লাহর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) কেন এরূপ বলছেন? তিনি বললেনঃ হে আইশা! তারা তো তাদের সম্পদশালীদের চেয়ে চল্লিশ বছর পূর্বে জান্নাতে প্রবেশ করবে। হে আইশা! তুমি যাঞ্চাকারী দরিদ্রকে ফিরিয়ে দিও না। যদি দেয়ার মতো কিছু তোমার নিকট না থাকে, তাহলে একটি খেজুরের টুকরা হলেও তাকে দিও। হে আইশা! তুমি দরিদ্রদের ভালোবাসবে এবং তাদেরকে তোমার সান্নিধ্যে রাখবে। তাহলে কিয়ামতের দিন আল্লাহ তা'আলা তোমাকে তার সান্নিধ্যে রাখবেন।

সহীহ, ইবনু মা-জাহ (৪১২৬)।

আবূ ঈসা বলেন, এ হাদীসটি গারীব।

English



Anas narrated that the Messenger of Allah (s.a.w) said:

"O Allah! Cause me to live needy, and cause me to die needy and gather me in the group of the needy on the Day of Resurrection." 'Aishah said: "Why O Messenger of Allah?" He said: "Indeed they enter Paradise before their rich by forty autumns. O 'Aishah! Do not turn away the needy even if with a piece of date. O 'Aishah! Love the needy and be near them, for indeed Allah will make you near on the Day of Judgement."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন